Great Ormond Street Hospital for Children NHS Trust

নাকী সুরে (নাসিকাধ্বনি সহকারে) কথা বলার বিষয়টির অনুসন্ধান ঃ পরিবারের জন্য তথ্য

ভূমিকা

এই প্রচারপত্রটিতে নাকী সুরে কথা বলার বিষয়টির অনুসন্ধানের বর্ণনা আছে এবং গ্রেট অরমন্ড স্ট্রীট হাসপাতালে আপনার বাচ্চাকে নিয়ে এলে কি আশা করতে পারেন সে কথাও বিশদভাবে বলা আছে।

অনুসন্ধানের প্রয়োজন কেন?

যখন বাচ্চারা নাকী সুরে কথা বলে, নাক থেকে হাওয়া বেরোয় (কথা বলার সময় যখন নাক থেকে হাওয়া বেরোয়) অথবা নাকে কোলাহল হয় (অর্থাৎ নাক থেকে কোলাহলপূর্ণ হাওয়া বেরোয়), জানা দরকার এরকম কেন হচ্ছে। এর ফলে আপনার বাচ্চার প্লাস্টিক সার্জন (অস্ত্র চিকিৎসক) ও বিশেষজ্ঞ স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট এই সমস্যা সমাধানের সবচেয়ে ভালো চিকিৎসা কি হতে পারে সে বিষয়ে সিদ্ধান্ত নিতে পারবেন।

আমার বাচ্চার জন্য কি অনুসন্ধানের দরকার হবে?

আপনার বাচ্চার দুটি সহজ পরীক্ষা নেওয়া হবে – একটি ন্যাসেন্ডোস্কপি এবং একটি ভিডিওফ্লুয়োরোস্কপি।
এই পরীক্ষা দ্বারা জানা যাবে (মুখের তালু) এবং ফ্যারিনগিয়াল দেওয়াল (গলার পিছনের দিক এবং দুই পার্শ্ব) কথা বলার সময় কিভাবে কাজ করে। আপনার বাচ্চার কথা বলার সমস্যাটি সামলানোর সবচেয়ে ভালো উপায় কি তা এই পরীক্ষা দ্বারা জানা যাবে।

স্পীচ এবং ল্যাগুয়েজ থেরাপিস্টরা উচ্চমানের অডিও/ভিডিও রেকর্ডিং করতে পারেন এবং কখনও কখনও কমপিউটার দিয়ে আপনার বাচ্চার কন্ঠস্বরেরও পরিমাপ করতে পারেন।

ন্যাসেন্ডোস্কপি

ন্যাসেনডোস্কপিতে কি করা হয়?

এটা মনে রাখা জরুরী যে যদি দাঁতের চিকিৎসা করানোর জন্য সাধারণভাবে আপনার বাচ্চার অ্যান্টিবায়োটিক ওষুধের প্রয়োজন হয়, তাহলে ন্যাসেনডোস্কপির জন্যও এর প্রয়োজন হবে। আপনি অবশ্যই আপনার জিপির (ডাক্তার) সঙ্গে এর ব্যবস্থা করার জন্য যোগাযোগ করবেন। সাধারণতঃ পরীক্ষা নেবার একঘন্টা আগে একটি মাত্রার ওষুধ দেওয়া হয়।

এই অনুসন্ধানের কাজটি হবে স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপি বিভাগে। এই পরীক্ষায় ভিডিও ক্যামেরার সঙ্গে সংযুক্ত একটি ছোট টিউব আপনার বাচ্চার নাকের মধ্যে ঢুকিয়ে দেওয়া হবে। প্রথমে, নাকের স্প্রে ব্যবহার করে শরীরের নির্দিষ্ট অংশ অবশকারী ওষুধ আপনার বাচ্চার নাকে দিয়ে দেওয়া হবে এবং ছোট তুলোর ওপর তরল পদার্থ ছিটিয়েও আপনার বাচ্চার নাকে দেওয়া হবে। এর ফলে নাকের কোনো অনুভূতি থাকবে না। তারপরে, টিউবটি যার শেষাংশে একটি উজ্জ্বল আলো আছে, সেটিকে নাকের মধ্যে রাখা হবে এবং আপনার বাচ্চা যখন কথা বলবে তখন সেটি আস্তে আস্তে পেছনে ঠেলা হবে। যখন আলো সঠিক স্থানে আসবে, অর্থাৎ মুখের তালুর ঠিক ওপরে এবং গলার পাশের এবং পিছনের দেওয়ালে, তখন আপনার বাচ্চাকে কিছু কথা বলতে এবং আওয়াজ করতে বলা হবে। টিউবটি ক্যামেরার সঙ্গে যুক্ত থাকার জন্যে সমস্ত ক্রিয়াকলাপের ভিডিও উঠে যাবে এবং কি করা হচ্ছে সেসব আপনি টেলিভিশনের পর্দায় দেখতে পাবেন।

একবার কথা বলার নমুনা নেওয়া শেষ হলে পরীক্ষা করাও শেষ হবে। 10-15 মিনিট বাচ্চার নাক অবশ থাকবে সুতরাং যতক্ষণ না অনুভূতি ক্ষমতা ফিরে আসে ততক্ষণ কিছু খাওয়া বা পান না করাই ভালো।

এতে কি ব্যথা লাগে?

টিউবটা দেবার জন্যে অস্বস্তি হতে পারে বা নাক সুড়সুড় করতে পারে কিন্তু অবশকারী ওষুধ (অ্যানাস্থেটিক) দেবার জন্যে ব্যথা লাগবে না। যদি নাক খুব সরু হয় তাহলে টিউব ঢোকালে সামান্য বেশি অস্বস্তি হতে পারে। যদি পরীক্ষা নেবার সময়ে আপনার বাচ্চা খুশী থাকে, যদি তার মন হালকা থাকে এবং কথা বলে তাহলে ফল আরও ভালো হবে। কারণ আপনার বাচ্চার স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট এবং/অথবা প্লাস্টিক সার্জন সমস্ত ক্রিয়াকলাপটি যতটা সম্ভব ততটা আরমদায়ক করে তুলবেন।

কোন বয়সে এই পরীক্ষা/অনুসন্ধান করা যায়?

সম্ভাব্য সবচেয়ে কম বয়স হল চার বছর, যদিও কখনও কখনও আরও ছোট বাচ্চারা এই পরীক্ষা সহ্য করতে পারে। জরুরী হল আপনার বাচ্চা যেন জানে যে কি (পরীক্ষা) করা হবে, এবং সে যেন সম্পূর্ণভাবে সহযোগিতা করতে পারে। আপনার স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট এবং/অথবা প্লাস্টিক সার্জন আপনার বাচ্চা ন্যাসেনডোস্কপি পরীক্ষার জন্য প্রস্তুত কিনা সে বিষয়ে আপনার সঙ্গে আলোচনা করে নেবেন।

এই পরীক্ষা/অনুসন্ধানের জন্য কতক্ষণ সময় লাগে?

যদি আপনার বাচ্চা সহযোগিতা করে এবং এনডসকোপ ঢোকানো সহজ হয়, পরীক্ষার জন্য সব মিলিয়ে 15 মিনিটের বেশি সময় লাগবে না।

কখন আমরা ফলাফল জানতে পারব?

আপনার বাচ্চার স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্টের কাছ থেকে পরীক্ষার সময়ই কিছু প্রাথমিক ফীডব্যাক পেতে পারেন। পরীক্ষা বা অনুসন্ধানটির ভিডিওটেপ নেওয়া হবে এবং আপনার বাচ্চার স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট এবং প্লাস্টিক সার্জন পরে আপনাকে ভিডিওটেপটি বিশদভাবে বুঝিয়ে দেবেন এবং এর থেকে যা তথ্য পাওয়া গেল তা আপনাকে জানানো হবে।

যখন আমার বাচ্চা ঘুমিয়ে থাকবে তখন কি অনুসন্ধান/পরীক্ষাটি করা যাবে?

দলের প্রয়োজন হল আপনার বাচ্চার কথা বলার সময় তার মুখের তালু কিভাবে কাজ করে তা দেখা, সুতরাং আপনার বাচ্চার জেগে থাকা এবং কথা বলে যাওয়া আবশ্যক।

ভিডিওফ্লুয়োরোস্কপি

ভিডিওফ্লুয়োরোস্কপিতে কি করা হয়?

এক্স-রে বিভাগে একজন রেডিওগ্রাফার এবং আপনার বাচ্চার স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট এই পরীক্ষাটি করেন। পার্শ্বমুখী ভিডিওফ্লুয়োরোস্কপি মানে একটি এক্স-রে যা পাশ থেকে আপনার বাচ্চার মুখের এবং গলার ছবি নেবে যখন সে কথা বলছে। এই পরীক্ষাটি দ্বারা গলা এবং মুখের নরম তালুর (মুখের পেছনের দিকের অংশ) গঠন এবং নড়াচড়া দেখা হয়।

এক্স-রে মেশিনের সামনে আপনার বাচ্চাকে একেবারে স্থির হয়ে দাঁড়াতে বলা হবে এবং 30 সেকেন্ড কথা বলতে বলা হবে, এই সময় এক্স-রের ভিডিওটেপ নেওয়া হবে। এই সময়ে আপনার বাচ্চাকে কথা বলতে বলতে ভিউমাস্টারের মাধ্যমে ছবির দিকে তাকাতে বলা হবে, যাতে তার মাথা যতটা সম্ভব ততটা স্থির থাকে।

পরীক্ষাটি সাদাসিধে এবং আপনার বাচ্চাকে কোনোভাবেই কিছু স্পর্শ করবে না বা ব্যথা দেবে না। মাঝে মাঝে আপনার বাচ্চার নাকে একটু ব্যারিয়াম ক্রীম দিয়ে দিতে হবে। ব্যারিয়াম ক্রীম একধরণের সাদা তরল পদার্থ, যা ব্যবহার করলে এক্স-রেতে নাক এবং গলার কিছু অংশ উজ্জ্বল করা যায়।

কোন বয়সে এই পরীক্ষা/অনুসন্ধান করা যাবে?

যেহেতু আপনার বাচ্চাকে কথা বলতে বলা হবে, এই এক্স-রে শিশুর তিন বছর বয়স থেকেই করা যায়, যখন শিশুরা সহজেই শব্দ ও বাক্য নকল করে কথা বলতে পারে। খুব কম ক্ষেত্রে এই পরীক্ষা বা অনুসন্ধান আরও ছোট বাচ্চার উপর করা হয়। বিকিরণের (র‍্যাডিয়েশন) সামনে খুব কম সময় যাতে থাকতে হয়, সেই জন্যে আপনার শিশুকে ভালোভাবে সহযোগিতা করতে সক্ষম হতে হবে।

আমার শিশু/বাচ্চা কতখানি বিকিরণের সামনে অনাবৃত থাকবে?

দাঁতের এক্স-রে করলে যতটা বিকিরণের মুখোমুখি হতে হয়, এই পরীক্ষাতেও ততটা পরিমাণ বিকিরণের সম্মুখীন হতে হবে।

কখন ফলাফল জানতে পারব?

অনুসন্ধান সম্পর্কে তখনই ব্যাখ্যা করা হবে; বিশেষজ্ঞ স্পীচ এবং ল্যাংগুয়েজ থেরাপিস্ট ও প্লাস্টিক সার্জন পরে ভিডিওটেপটির পুনরীক্ষণ করবেন।

Investigations+of+nasal+speech+-+August+05+-+English_BENGALI

এরপর কি হবে?

আপনাকে পুনরীক্ষণ সম্পর্কীয় একটি সাক্ষাৎকারে উপস্থিত থাকতে বলা হবে। দুটি পরীক্ষা/অনুসন্ধানের ভিডিওটেপেই আপনি দেখতে পাবেন, আর আপনার বাচ্চার বিশেষজ্ঞ স্পীচ ও ল্যাংগুয়েজ থেরাপিস্ট এবং প্লাস্টিক সার্জন টেপ এবং অন্যান্য তথ্যের ভিত্তিতে আপনার সঙ্গে আলোচনা করে বলবেন আপনার বাচ্চার কথা বলার অসুবিধার সুব্যবস্থা করার জন্য কোন ধরণের উপায় সঠিক। তারা স্পীচ থেরাপির জন্য পরামর্শ দিতে পারেন, (বিশেষ করে যদি কয়েকধরণের ব্যাঞ্জনবর্ণের ভুল দেখা যায়), অথবা অস্ত্রচিকিৎসা বা খুব কম ক্ষেত্রে একধরণের দাঁতের প্লেটের জন্য সুপারিশ করতে পারেন। কখনও কখনও অনেক রকমের চিকিৎসা একত্র করে চিকিৎসা করা দরকার হয়। প্রায়শই, আপনার বাচ্চার জন্য একাধিক পরীক্ষা/অনুসন্ধানের প্রয়োজন হবে।

যদি আপনার বাচ্চার অস্ত্রোপচার হয়ে থাকে তাহ'লে সাধারণতঃ অপারেশনের বা অস্ত্রোপচারের পর ছয় মাস থেকে নয় মাসের মধ্যে এই পরীক্ষা/অনুসন্ধান করার জন্য বলা হয়, যাতে থেরাপিস্ট ও ডাক্তাররা, অস্ত্রোপচারের পর কতটা উন্নতি হয়েছে তা নির্ণয় করতে পারেন ।

যদি আপনার কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে গ্রেট অরমন্ড স্ট্রীট হাসপাতালে (Great Ormond Street Hospital) ক্লেফ্ট্ টীম স্পীচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপিস্টস্ বিভাগে 020 7813 8110 নম্বরে ফোন করুন অথবা সেন্ট অ্যান্ড্রুজ সেন্টারে (St Andrew’s Centre) 01245 516020 নম্বরে ফোন করুন